

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬.০২০.০০৪.০০.০১.৫৮৫.২০১৫-৪৫১

তারিখঃ ০৪/২/১৬


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১২৭৪৫/২০১৫ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের পৌর-১ শাখার গত ২৬-০১-২০১৬খ্রিঃ তারিখের ৯৬ সংখ্যক স্মারক।

দিনাজপুর জেলাধীন দিনাজপুর পৌরসভার মেয়র জনাব সৈয়দ জাহাঙ্গীর আলমকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১২৭৪৫/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। উক্ত রীট পিটিশনে বরখাস্ত আদেশের উপর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ০৯-১২-২০১৫খ্রিঃ তারিখে ০১(এক) মাসের স্থগিতাদেশ প্রদান করা হয়। উক্ত আদেশ ভ্যাকুট/আপীল বা অন্য কোনরূপ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের সার্টিফাইড কপি প্রেরণপূর্বক সত্রোক্ত স্মারকে আইন-১ অধিশাখাকে অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য, বর্ণিত রীট পিটিশনে সরকার পক্ষে দফাওয়ারী জবাব এ বিভাগে প্রেরণের জন্য আইন-১ অধিশাখা হতে জেলা প্রশাসক, দিনাজপুর ও এ বিভাগের পৌর-১ অধিশাখাকে গত ২৪-১২-২০১৫খ্রিঃ তারিখে অনুরোধ জানিয়ে পত্র লেখা হয়। চাহিত জবাব অদ্যাবধি পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের সার্টিফাইড কপি প্রেরণপূর্বক সরকার পক্ষে উচ্চ আদালতে লীড-টু-আপীল দায়েরসহ স্থগিতাদেশটি ভ্যাকুটকরণ, মামলার দফাওয়ারী জবাব দাখিলের মাধ্যমে মামলাটি নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
☎৯৫৪০৯৯৫
Email:ishanaliraja@gmail.com

শেখ মুশফিক কবীর
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। উপসচিব (পৌর-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।